গাংনীর করমদিতে ইসলামী ব্যাংক এর এজেন্ট ব্যাংকিং শাখার উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের করমদি বাজারে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড এর এজেন্ট ব্যাংকিং শাখার উদ্বোধন করা হয়েছে।

রোববার বেলা ১১ টার দিকে একযোগে জুম কনফারেন্সের মাধ্যমে সারাদেশে মোট ৮৪টি শাখার উদ্বোধন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় করমদি বাজারে সপ্তম ইউনিট পর্যায়ে ডেপুটি ম্যানেজিং ডাইরেক্টর মোশাররফ হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ম্যানেজিং ডাইরেক্টর ও সিইও মাহবুব উল আলম।

তিনি জুম অ্যাপের মাধ্যমে একযোগে ৮৪টি এজেন্ট ব্যাংকিং শাখার উদ্বোধন করেন।

এ সময় করমদি এজেন্ট ব্যাংকিং ব্যবস্থাপক জাহাঙ্গীর আলম, এজেন্ট প্রতিনিধি ফিরোজ জাহাঙ্গীর, সাবেক তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন চেয়ারম্যান রেজাউল হক, জেলা পরিষদের সদস্য মোহাম্মদ আলীসহ এলাকার বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বিশ্ব পর্যটন দিবস পালিত

মুজিবনগরে র্যালী, লিফলেট বিতরণ ও আলোচনা সভার মধ্যে দিয়ে প্রথমবারের মত পালিত হয়েছে পর্যটন দিবস।

আজ রবিবার সকাল এগারোটার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে এ দিবস পালিত হয়।

মুজিবনগর অনন্যা পার্কের সহযোগীতায় র্যালীটি উপজেলা পরিষদ প্রাঙ্গন থেকে শুরু হয়ে উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় পরিষদ চত্বরে এসে শেষ হয়।

এ সময় রাস্তায় চলাচলকারী জনগণের মাঝে লিফলেট বিতরণ করা হয়।

র্যালীতে নেতৃত্ব প্রদান করেন উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

এ সময় সমাজসেবা অফিসার আব্দুর রব, প্রাথমিক শিক্ষা অফিসার বেলায়েত হোসেন, সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা শহিদুল ইসলাম, মুজিবনগর পর্যটন মোটেলের ইউনিট ব্যাবস্থাপক ফিরোজ আহম্মেদ, মুজিবনগর অনন্যা পার্কের চেয়ারম্যান হাসানুজ্জামান লাল্টু উপস্থিত ছিলেন।

র্যালী শেষে উপজেলা পরিষদ প্রাঙ্গণে সীমিত আকারে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গার ডাউকি ইউপির উপনির্বাচনে চেয়ারম্যান প্রার্থী নাজমুল

আলমডাঙ্গার ডাউকি ইউনিয়নের আসন্ন ২০ অক্টোবরের উপনির্বাচনে চেয়ারম্যান প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বীতায় নেমেছেন নাজমুল হোসেন। কুষ্টিয়া সরকারি কলেজ থেকে এমএ পাশ করে গ্রামে ফিরে নিজের ইউনিয়ন পরিষদ নির্বাচনে তরুণ প্রজন্মের নেতৃত্ব দিচ্ছেন তিনি।

ইতোমধ্যে ডাউকি ইউনিয়নজুড়ে সব শ্রেনি পেশার মানুষের মাঝে নিজেকে চেয়ারম্যান প্রার্থী হিসেবে মেলে ধরতে পেরেছেন নাজমুল। তিনি পুরো ইউনিয়নেই ব্যাপক সাড়া ফেলেছেন বলে জানিয়েছেন বিভিন্ন গ্রামের ভোটাররা। শিক্ষিত, সদালাপি ও তরুণ রাজনীতিবিদ নাজমুল হোসেন নির্বাচন ও ডাউকি ইউনিয়নবাসীর ভাগ্যবদলের নানাদিক নিয়ে

খোলামেলা কথা বলেছেন এই প্রতিনিধির সাথে। মেহেরপুর প্রতিদিনের পাঠকদের জন্য নাজমুল হোসেনের কথাবার্তা তুলে ধরা হল:-

মে.প্রঃ আসন্ন উপনির্বাচনে ভোটারদের কেমন সাড়া পাচ্ছেন?

নাজমুলঃ আমার নিজ গ্রাম ডাউকি ছাড়াও বাদেমাজু, বিনোদপুর ও পোয়ামারী গ্রামবাসী আমাকে তাদের গ্রামের ছেলে হিসেবে দেখেন। আবাল-বৃদ্ধা-বনিতা সবার সাথে আমার ভালবাসার সম্পর্ক রয়েছে। আমি বড়দের সম্মানের চোখে দেখি। তাঁরাও আমাকে স্নেহের চোখে দেখেন। এছাড়াও ইউনিয়নের অন্যান্য গ্রামের ভোটাররা আমাকে তাঁদের কাছে টেনে নিয়েছেন। এতে করে আমি চরম আশাবাদী।

মে.প্রঃ ইউনিয়নে দরিদ্রদের জন্য সরকারি প্রণোদনায় স্বজনপ্রীতির অভিযোগ আছে। এ ব্যাপারে কিছু বলুন।

নাজমুলঃ দেখুন আমি একজন খুব সাধারণ পরিবারের সন্তান। দারিদ্র কি আমি খুব ভাল করে জানি। উচ্চ শিক্ষায় শিক্ষিত হয়েছি মানবিক মানুষ হওয়ার জন্য। যাদের ভেতরে মানবিক গুণাবলী আছে তারা কখনও গরীবের হক মারবে না। দরিদ্রদের জন্য সরকারি যত রকমের ভাতা আছে আমি প্রকৃত দরিদ্রদের মাঝে সেই ভাতা তুলে দিতে চাই। আমি সব ধরনের মানুষের পাশে থাকতে চাই। ইউনিয়নবাসিকে সেবা করতে চাই।

মে.প্রঃ এই নির্বাচনকে রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে কিভাবে দেখছেন?

নাজমুলঃ স্থানীয় নির্বাচন রাজনৈতিক বিবেচনায় কখনও অনুষ্ঠিত হয় না। এখানে প্রার্থীর ভালমন্দ বিচার করে ভোটাররা ভোট দিয়ে থাকেন। যাকে যোগ্য মনে করবেন ভোটাররা তাকেই ভোট দিবেন। ইউপি নির্বাচনে দলীয় প্রার্থীর তেমন প্রভাব পড়ে না। আমি সব দলের ভোটারদের কাছ থেকেই সহযোগীতা পাব ইনশাল্লাহ।

মে.প্রঃ আপনি তো আওয়ামী লীগের রাজনীতির সাথে যুক্ত। আপনার দল থেকে একাধিক প্রার্থী রয়েছেন। এটাকে কিভাবে দেখছেন?

নাজমুলঃ আগেই বলেছি স্থানীয় নির্বাচনে দলীয় প্রভাব খুব একটা কাজে আসেনা। আমি ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক পদে দায়িত্ব পালন করছি। এরআগে ছাত্রলীগের বিভিন্ন পদে দায়িত্ব পালন করেছি। আমি ছাত্রলীগ থেকে উঠে এসেছি। আমার প্রতিদ্বন্দ্বী ইউপি আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। তিনি এই পদের আগে দলের কোন পদে ছিলেন তা ইউনিয়ন আওয়ামী লীগের কেউ জানেন না। তবে ভোটাররা তাদের জ্ঞান

বুদ্ধি দিয়ে যোগ্য প্রার্থীকে বেছে নিবেন আশা করি।

মে.প্রঃ ইউনিয়নবাসীর উদ্যেশ্যে কিছু বলুন।

নাজমুলঃ আমি ইউনিয়নবাসীর সুখে-দুঃখে তাদের সাথে থাকতে চাই। আমি ইউনিয়নবাসীকে সেবা করতে চাই।

আলমডাঙ্গা বণিক সমিতির নির্বাচনে সম্পাদক পদে এবার লড়বেন কামাল

আলমডাঙ্গা বণিক সমিতির অসন্ন নির্বাচনে সাধারণ সম্পাদক পদে এবার লড়বেন সব মহলের অতি জনপ্রিয় ব্যক্তি কামাল হোসেন। কামাল হোসেন আলমডাঙ্গার ফিড ব্যবসায়ী জগতের অন্যতম পরিচিত নাম ‘কে বিজনেস’ এর স্বত্তাধিকারী। নির্বাচনকে সামনে রেখে ইতোমধ্যে বণিক সমিতির ভোটারদের মাঝে কামালকে নিয়ে বেশ সোরগোল উঠেছে। সোরগোল উঠেছে আলমডাঙ্গার সব মহলেও।

বণিক সমিতির নির্বাচন সংশ্লিষ্ট সূত্রগুলো থেকে জানা গেছে, সর্ববৃহৎ আলমডাঙ্গা বণিক সমিতির নির্বাচনে নির্দিষ্ট ব্যবসায়ীরা ভোটার হলেও সচেতন সব মহলের প্রত্যক্ষ বা পরোক্ষ অংশ গ্রহণ থাকে এতে। নির্বাচন যত এগিয়ে আসে মানুষের দৌড়ঝাপ ততটাই বেড়ে যায়। অনেকেই অন্তরালে বসে কলকাঠি নাড়িয়ে এই নির্বাচনকে প্রভাবিত করারও চেষ্টা করেন। তবে ব্যবসায়ী ভোটাররা চুলচেরা বিশ্লেষণ করে তাদের নেতা নির্বাচিত করেন।

নির্বাচন সংশ্লিষ্ট সূত্র থেকে জানা গেছে, ব্যবসায়ী সংগঠনগুলোর বণিক সমিতির বৃহৎ এই নির্বাচনে সাধারণ সম্পাদক পদে নির্বাচনেচ্ছুক কামাল হোসেন সবার নজর কাড়তে পেরেছেন। কেউ কেউ বলেছেন, এই পদের জন্য কামাল হোসেন পুরোপুরি উপযুক্ত। তিনি নির্বাচিত হলে বণিক সমিতিকে আরো স্বচ্ছতার সাথে ব্যবসায়ীবান্ধব করে তুলতে পারবেন।

কামাল হোসেন জানান, নির্বাচনে দাঁড়ানোর ইচ্ছা প্রকাশ করার পর সব মহল থেকেই তিনি ভোটারদের ব্যাপক সাড়া পাচ্ছেন। সবাই সাক্ষাৎ করে ও মোবাইলে কল করে খুব উৎসাহ দিচ্ছেন।

তিনি জানান, আমি নির্বাচিত হলে বণিক সমিতিকে আধুনিকায়ন ও ব্যবসায়ীদের স্বার্থ সংশ্লিষ্ট কাজগুলো দেখবো। আমি আলমডাঙ্গার ব্যবসায়ীদের সব ধরনের বিপদ-আপদে পাশে থাকবো।

আমঝুপিতে খাদ্য অধিকার আইনের খসড়া নিয়ে আলোচনা সভা

খসড়া খাদ্য অধিকার আইন নিয়ে এক মতবিনিময় সভা গতকাল শনিবার সকাল দশটার দিকে আমঝুপিতে অনুষ্ঠিত হয়। খাদ্য অধিকার বাংলাদেশ এর মেহেরপুর জেলা কমিটি এ সভার আয়োজন করে।

জেলা কমিটির কো-চেয়ারাম্যান সাবেক মেহেরপুর প্যানেল মেয়র আব্দুর রহিম এর সভাপতিত্বে খাদ্য অধিকার এর খসড়া নীতিমালার বিভিন্ন ধারা উপধারা তুলে ধরে।

বক্তব্য রাখেন মানব উন্নয়ন কেন্দ্র মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

সভায় বিভিন্ন বক্তা খাদ্য অধিকার বাংলাদেশ এর খসড়া আইনের উপর মতামত প্রদান করেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন এর প্রোগ্রাম ম্যানেজার আলমগীর হোসেন।

দর্শনার বড়বলদিয়া গ্রমে গাঁজাসহ ২ জন আটক

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ১ কেজি গাঁজা সহ বড়বলদিয়া গ্রামের দুই জন আটক হয়েছে।

পুলিশ জানায় গতকাল সকাল ৭ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে ওসি মাহবুবুর রহমান কাজলের নেতৃত্বে রামনগর টু কার্পাসডাঙ্গা হাইওয়ের প্রতিবন্ধী স্কুলের সামনে থেকে ১ কেজি গাঁজাসহ মোঃ বিপ্লব হোসেন (২০), পিতা-মোঃ আপিল উদ্দিন, মোঃ ইমরান হোসেন (২৫), পিতা-মৃত সোহরাব হোসেনকে আটক করা হয়।

দুই জন আসামির বাড়িই বড়বলদিয়া গ্রামে। এ ঘটনায় এস আই আহম্মেদ আলী বিশ্বাস বাদী হয়ে মামলা দায়ের করেন।

গাংনীর তেতুলবাড়িয়া মাঠ থেকে কৃষকের মরদেহ উদ্ধার

গাংনীর হিন্দা তেতুলবাড়িয়া মধ্যবর্তী মাঠ থেকে লিটন (৩৮) নামের এক কৃষকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

শনিবার রাত ১০ টার দিকে কৃষকের মরদেহ উদ্ধার করা হয়।

লিটন গাংনী উপজেলার তেতুলবাড়িয়া গ্রামের শিলাল পাড়ার গোলাম মস্তফার ছেলে।

স্থানীয় এবং পুলিশ সূত্রে জানাগেছে, লিটন শনিবার বিকালে বাড়ি থেকে মাছ ধরার উদ্দেশ্যে বের হন। রাত হলেও বাড়ি ফিরে না যাওয়ায় পরিবারের লোকজন অনেক খোঁজা খুঁজি করেন। অবশেষে মাঠে লিটনের মরদেহ দেখে পুলিশকে খবর দেয়।

খবর পেয়ে গাংনী থানার ওসি (তদন্ত) সহ থানা পুলিশের সদস্যরা ঘটনা

স্থলে গিয়ে মরদেহ উদ্ধার করেন। তবে ওই সময় প্রচুর মেঘ বৃষ্টি হচ্ছিল। বজ্রপাতে লিটন কোনো এক সময় মারা গেছে বলে ধারনা পুলিশ ও স্থানীয়দের।

গাংনী থানার ওসি (তদন্ত) সাজেদুল ইসলাম জানান, বিষয়টি আমি শুনেছি ঘটনা স্থলে গিয়ে মরদেহ উদ্ধার করা হয়েছে। বজ্রপাতে নিহত হতে পারে বলে প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে।

জীবননগরে বালি খেকোকে অর্ধলক্ষাধীক টাকা জরিমানা

জীবননগরে এক বালি খেকোকে অর্ধলক্ষাধীক টাকা জরিমান করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল শনিবার বেলা ১২টার সময় জীবননগর থানা পুলিশের সহযোগিতায় জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এস এম মুনিম লিংক এলাকার সাধারণ কৃষকদের অভিযোগের ভিত্তিতে সরেজমিনে জীবননগর উপজেলার হাসাদহ ইউনিয়নের মাধবপুর গ্রামে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে রাস্তার পাশে পুকুর খননের নামে বালি তুলে বিক্রি করার সময় হাতে একটি মাটি কাটা ভেকু মেশিন, ১০টি ট্রাক্টরসহ মাধবপুর গ্রামের আইজউদ্দিনের ছেলে শাহ আলমকে (৩০)আটক করে।

এ সময় বালি তুলে বিক্রি করার অপরাধে বালি মহল ও মাটি ব্যবস্থপনা আইনের ২০১০সালের ৪/খ ধারা মতে নগদ ৫০হাজার টাকা জরিমানা অনাদায়ে ৩মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন । এবং বালি তোলার সময় ট্রাক্টরে নষ্ঠ হয়ে যাওয়া রাস্তা মেরামত করে দেওয়ার নির্দেশ প্রদান করেন ।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন বলেন, সাধারণ জনগণের যাতায়াতের সমস্যা হবে এমন কোন কাজ করলে কাউকে ছাড় দেওয়া হবে না ।

মাধবপুর গ্রামে যে ঘটনা ঘটেছে এ ধরনের কোন ঘটনা যদি জীবননগর উপজেলার কোথাও হয় তা হলে আমাকে বললে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে ।

গাংনীর কাথুলীতে ‘একটু পাশে দাঁড়াই’ সংগঠনের বৃক্ষরোপণ

শনিবার বিকেল ৫ টার সময় গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের কুতুবপুর স্কুল এন্ড কলেজে বৃক্ষ রোপণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

আসুন সবাই গাছ লাগাই নতুন রঙে পৃথিবী সাজাই এই স্লোগান কে সামনে রেখে একটু পাশে দাঁড়াই সংগঠন গাংনী উপজেলা ব্যাপী বৃক্ষ রোপণ কর্মসূচি পালন করেছে।
উপস্থিত ছিলেন দেলোয়ার হসেন, জিনারুল ইসলাম, সুজন বকুল, তাজলু, হাকিম সহ সংগঠনের বিভিন্ন সদস্য বৃন্দ।

এ বিষয়ে একটু পাশে দাঁড়ায় সংগঠনের সদস্যরা জানান মুজিব বর্ষ উপলক্ষ্যে গাংনী উপজেলা ব্যাপী আমরা বৃক্ষ রোপণ কর্মসূচি চলমান রেখেছি। সেই ধারাবাহিকতায় কাথুলীর গাড়াবাড়ীয়াতে কুতুবপুর স্কুল এন্ড কলেজ ও কবর স্থানে বৃক্ষ রোপণ করা হলো।

গাংনীতে অন্যের জমিতে মসজিদ কমিটির বৃক্ষরোপণ

মেহেরপুরের গাংনী উপজেলায় জোর করে আল আমিন নামের এক ব্যক্তির জমিতে বৃক্ষরোপণ করে জমি দখলের অভিযোগ উঠেছে স্থানীয় মসজিদ কমিটির উপর। গত ২৫ সেপ্টেম্বর কৃষকলীগ নেতাদের নিয়ে বৃক্ষরোপণ করা হয়। গাংনী উপজেলা ধানখোলা ইউনিয়নের কচুইখালি গ্রামে এ ঘটনা

ঘটে।

ভুক্তভোগী আল আমিন এ বিষয়ে বলেন, গত ২৫ সেপ্টেম্বর স্থনীয় নেতা খোকন মসজিদ কমিটির লোকজন ও কৃষকলীগ নেতাদের নিয়ে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করে। এ সময় মসজিদের ক্রয়কৃত ৫ কাঠা জমিতে বৃক্ষরোপণ না করে রাস্তার পাশ দিয়ে লম্বা করে বেড়া দিয়ে গাছ লাগায়। এমতাবস্থায় আমি আমার জমিতে প্রবেশ করতে পারছি না।

প্রায় ১শ বছর ধরে রাস্তার পাশের ঐ জমি আমাদের দখলে ছিল। তারপরেই আমাদের জমি নামে জমি আছে। আমার ভায়ের ছেলে-মেয়ে পিয়াস ও লিমা মসজিদের কাছে আড়াআড়ি ৫ কাঠা জমি বিক্রি করে। কিন্তু সেই জমিতে গাছ না লাগিয়ে জোর করে আমার জমির সামনের অংশেও তারা গাছ লাগিয়েছে। স্থানীয় কিছু নেতার ইন্ধন থাকায় আমরা কিছু বলতে পারছিনা।

ভুক্তভোগীর ভাতিজা জেলা আওয়ামী লীগের সদস্য অ্যাড. জুয়েল এ বিষয়ে বলেন, কৃষকলীগ নেতাদের দিয়ে জোর করে জমি দখল করেছে। রাস্তার পাশের জমি হওয়ায় ঐ জমি হাতিয়ে নেওয়ার জন্যই এই কাজ করেছে তারা। এর সুষ্ঠ বিচার দাব করছি।

এ বিষয়ে জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন বলেন, গত ২৫ তারিখে যে স্থানে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করেছি সেটা মসজিদের জায়গা। ঐ জমির যথাযত কাগজ মসজিদ কমিটির কাছে আছে।